দৈনিক সংবাদ

তারিখ ... JUN 3. 1999

পৃষ্ঠা ৪ কলাম ৫

৪৭

## বানান ভুল

'বানান ভুল' নিয়ে অনেকেই বিভিন্ন পত্র-পত্রিকায় প্রায়ই লিখে আসছেন। এটা খুবই সুখের কথা যে, আজকাল অনেকেই বানান সম্বন্ধে খুবই সচেতন। তবে দুঃখের কথা যে, যতই লেখালেখি হোক। ভুল বানান আর শুদ্ধ হচ্ছে না। তবে আশার কথা যে, বারবার লেখালেখির ফলে, সকল মানুষের মনে শুদ্ধ বানানে ভাষা লিখার এক নতুন চেতনার সৃষ্টি হতে পারে।

স্টেশন অফিসারস মেস, স্টেশন, ইস্ট ওয়েস্ট স্টোর, স্ট্যান্ডার্ড ফোটোস্ট্যাট শব্দগুলোতে 'স্ট' ব্যবহার করা হয়েছে। ইংরেজী ST-র স্থলে বাংলায় সর্বদাই স্ট-হয়। অন্য কিছু নয়। কারেন্সি নোটে 'গভর্নর' শব্দে 'ণ' মুদ্রিত হয়ে আসছে। তা ঠিক নয়। কোন বিদেশী শব্দে 'ষ' ও 'ণ' 'বর্ণ' দুটি ব্যবহার করা যায় না। জাদুঘর বা জাদুকর লিখতে কখনও 'য' ব্যবহার করা যায় না।

যানবাহনের গায়ে লেখা, এভেনিও, দুরন্ত, বহুমুখী। শুদ্ধ বানান হবে।

অ্যাভিনিউ, দুরন্ত, বহুমুখী। বিটিভির পর্দায় দেখি সৌদি, দিনার, স্টার্লিং। বানান ঠিক আছে। কিন্তু কুয়েতী, জার্মানী শব্দে ী-কার দেখা যায়। তা ঠিক নয়। বিদেশী কোন শব্দেই আজকাল ী-কার ব্যবহার করা হয় না। যেমন, মিলিটারি অ্যাকাডেমি, লাইব্রেরি, কোরান খ্রিস্টাব্দ ইত্যাদি। শব্দশেষে CE থাকলে, সেখানে 'স' ব্যতীত অন্য কিছু সম্ভব নয়। তাই 'পুলিশ' লিখতে 'শ' ব্যবহার করা যায় না। ইহা ব্যাকরণের বিধান, ভাষার আইন। ভাষার অ্যাড-ভোকেটগণ দেখবেন কি-আর কতকাল এ আইন অমান্য করা যায়?

লেঃ কর্নেল (অবঃ) এই আহমেদ
ময়মনসিংহ-২২২০।